বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৪২

তারিখ: ৯ আষাঢ় ১৪২৯
২৩ জুন ২০২২

বিষয়: **বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুসারে ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২২) সেবা কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতির পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত মোতাবেক ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২২) -এ কাউন্সিলের ইউনিট ও শাখা কর্তৃক বাস্তবায়িত ০১টি নাগরিক, ০১টি দাপ্তরিক ও ০১ টি অভ্যন্তরীণ সেবা কার্যক্রম পরিদর্শনপূর্বক অগ্রগতির পরিবীক্ষণ প্রতিবেদন এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত প্রেরণ করা হলো।

সংযুক্তি: পরিবীক্ষণ প্রতিবেদন।

২৩-৬-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

সচিব
সচিবের দপ্তর
কৃষি মন্ত্রণালয়

**দৃষ্টি আকর্ষণঃ** অতিরিক্ত সচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৪২/১(২)

তারিখ: ৯ আষাঢ় ১৪২৯
২৩ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো)।
২) একান্ত সচিব, নির্বাহী চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

২৩-৬-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫
www.barc.gov.bd

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম ১.১ এর আওতায় সেবাপ্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন।**

গত ১৯/০৬/২০২২ এবং ২০/০৬/২০২২ তারিখে বিএআরসি এর সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২১-২০২২ কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অনুসারে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ২৯/০৩/২০২২ তারিখ অনুষ্ঠিত ৩য় ত্রৈমাসিক সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী কাউন্সিলের ০১টি নাগরিক সেবা (সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ), ০১ টি দাপ্তরিক সেবা (বিদেশ প্রশিক্ষণ/সভা/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণের জন্য প্রেষণ মঞ্জুর প্রক্রিয়াকরণ) এবং ০১ টি অভ্যন্তরীণ সেবা ( ছুটি নগদায়ন] সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী বাস্তাবায়ন করা হয়েছে কি না তা পরিদর্শন করে পরীক্ষা করা হয় যা নিম্নে উপস্থাপন করা হলো:

**১) সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ:** বিএআরসি এর সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সেবাটি নাগরিক সেবার আওতাধীন। এজন্য সেবা গ্রহীতা প্রতিষ্ঠানকে কাউন্সিলের ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত ফরমে প্রয়োজনীয় (Original copy of the Lab Analysis Report, Non-toxic Certification, Production process of Organic Fertilizer, Copy of Trade License) কাগজ সংযুক্ত করে আবেদন করতে হয়। উক্ত সেবাটি কাউন্সিলের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগের মৃত্তিকা ইউনিট থেকে প্রদান করা হয়। সেবাটি বিনামূল্যে প্রদান করা হয় এবং সেবা প্রদানের সময়সীমা ২৬১ কার্যদিবস।

১.১ মনিটরিং কমিটি কর্তৃক সরেজমিনে কাউন্সিলের মৃত্তিকা ইউনিট পরিদর্শনপূর্বক সার বিনির্দিষ্টকরণ সেবা প্রাপ্তির লক্ষ্যে আবেদনকারী প্রতিষ্ঠানের জন্য তৈরীকৃত রেজিস্টার/২০২১-২০২২ নিরীক্ষা করা হয়। মৃত্তিকা ইউনিট কর্তৃক এপ্রিল-জুন ২০২২ মাসে মানদন্ডের ভিত্তিতে প্রাথমিক যাচাই-বাছাই করে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহকে সেবার আওতায় আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

| ক্র. নং | সেবার নাম | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | M Gold Jaibo Sar জৈব সার | মোল্লা এগ্রো সাইন্স, প্রো: মো: মুস্তাফিজুর রহমান, শেখপাড়া বাজার, শৈলকুপা, ঝিনাইদহ। | ২০/০৩/২০২২ | প্রক্রিয়া চলমান | পরবর্তী সভায় পর্যালোচনা করা হবে। |
| ২. | Bio Phos জীবাণু সার | AFC AGro Biotech Ltd. H#87-89, R#4, Block#B, Niketon, Gulshan, Dhaka-1212 | ০৪/০৪/২০২২ | প্রক্রিয়া চলমান | পরবর্তী সভায় পর্যালোচনা করা হবে। |
| ৩. | Seaweed Extract Powder পিজিআর | Mollah & Sons, Paharpur Road. P.o-Dinajpur, District: Dinajpur | ১২/০৪/২০২২ | প্রক্রিয়া চলমান | পরবর্তী সভায় পর্যালোচনা করা হবে। |

| ক্র. নং | সেবার নাম | সেবা গ্রহীতার নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | সেবা প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৪. | X-Humite Plus পিজিআর | Safa Agro Products, 205/4, Khan Plaza, 5th Floor, Fakirapool, Culvert Road, Motijheel, Dhaka-1000. | ০১/০৬/২০২২ | প্রক্রিয়া চলমান | পরবর্তী সভায় পর্যালোচনা করা হবে। |
| ৫. | Humic Super পিজিআর | Mosco Marketing Ltd, 23/6, Rupayan Shelford, Shyamoli, Dhaka-1207. | ০৮/০৬/২০২২ | প্রক্রিয়া চলমান | পরবর্তী সভায় পর্যালোচনা করা হবে। |
| ৬. | Top Gold পিজিআর | Sweet Agrovet Ltd, Plot No, B-44, BSCIC Industrial Estate, Dhamrai, Dhaka. | ০৯/০৬/২০২২ | প্রক্রিয়া চলমান | পরবর্তী সভায় পর্যালোচনা করা হবে। |
| ৭. | Sulpho Zinc রাসায়নিক সার | এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। | ১৪/০৬/২০২২ | প্রক্রিয়া চলমান | পরবর্তী সভায় পর্যালোচনা করা হবে। |

**মন্তব্য:** নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**২) বিদেশ প্রশিক্ষণ/সভা/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণের জন্য প্রেষণ মঞ্জুর প্রক্রিয়াকরণ:** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের উক্ত সেবাটি দাপ্তরিক সেবার আওতাধীন। এজন্য প্রয়োজনীয় যে কাগজপত্র লাগবে তা হলো চাহিদা পত্র/নোট সীট/ফরম। এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ০৫ (পাঁচ) কার্যদিবস। সেবাটি কাউন্সিলের জনশক্তি ও প্রশিক্ষণ ইউনিট এর মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে।

২.১ কাউন্সিলের সংশ্লিষ্ট ইউনিটে সরেজমিনে পরিদর্শনপূর্বক বিদেশ ভ্রমণ সংক্রান্ত ফাইল নং- ১২.২০.০০০০.০১৩.২৫.০০৩.২১ পর্যালোচনায় দেখা যায়, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী ইউনিটে আবেদন প্রাপ্তির ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে সরকারি আদেশ জারীর নিমিত্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। কৃষি মন্ত্রণালয় হতে বিদেশ ভ্রমণের অফিস আদেশ যথাসময়ে জারী করা হয়েছে। উক্ত সেবার আওতায় নিম্নবর্ণিত সেবা গ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে।

| ক্র. নং | সেবার নাম | সেবাগ্রহীতার নাম ও ঠিকানা |
|---|---|---|
| ১ | Visit Global Institute for Food Security on 18-24 October 2021 at University of Saskatchewan in Canada | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার<br>নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি |
| ২ | 1st Ministerial meeting on Agriculture Innovation Mission For Climate (AMC) on 21 February 2022 in Dubai | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার<br>নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি |
| ৩ | Food & Agril Executive Management Programme on 16-26 May 2022 in USA | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার<br>নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি |
| ৪ | Field Visit to Livelihood Enhancement of the Small Farmers in SAARC Region through Small Scale Agro-business Focusing on Value Chain Development on 25-28 september 2021 in Maldives | ড. মো: বক্তীয়ার হোসেন<br>পরিচালক, সার্ক কৃষি কেন্দ্র |
| ৫ | Scalling-up Climate Smart Agriculture in South Asia (C-SUCeS) on 22-27 March in Nepal | ড. মো: বক্তীয়ার হোসেন<br>পরিচালক, সার্ক কৃষি কেন্দ্র |
| ৬ | 7th International Horticultural Exhibition Expo-2022 on 16-25 May 2022 in the Netherlands | ড. মো: ছায়ফুল্লাহ<br>সদস্য পরিচালক (প্রশাসন), বিএআরসি |
| ৭ | Open Source Scientific Computing for AgroGeospatial Big Data Analysis on 25 June to 07 July 2022 in the Netherland | হাসান মো: হামিদুর রহমান<br>পরিচালক (কম্পিউটার এন্ড জিআইএস)<br>বিএআরসি |
| ৮ | Open Source Scientific Computing for AgroGeospatial Big Data Analysis on 25 June to 07 July 2022 in the Netherland | ড. মো: গোলাম মাহাবুব<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (বন)<br>বিএআরসি |
| ৯ | Open Source Scientific Computing for AgroGeospatial Big Data Analysis on 25 June to 07 July 2022 in the Netherland | ড. আবুল ফাত্তা মো: তারিকুল ইসলাম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষি প্রকৌশল)<br>বিএআরসি |

**মন্তব্য:** সেবা প্রদানের নির্ধারিত সময়ে সেবা প্রদান করা হয়েছে।

**৩) <u>ছুটি নগদায়ন প্রক্রিয়া:</u>** বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের ছুটি নগদায়ন প্রক্রিয়ার বিষয়টি অভ্যন্তরীণ সেবার আওতাধীন। এক্ষেত্রে আবেদন প্রাপ্তি সাপেক্ষে ছুটি নগদায়ন এর এর অফিস আদেশ জারি করা হয়।_এই সেবাটি বিনামূল্যে প্রদান করা হয়। এই সেবা প্রদানের সময়সীমা ২২ (বাইশ) কার্যদিবস। বিষয়টি কাউন্সিলের সংস্থাপন শাখা হতে বাস্তবায়িত হয়ে থাকে।

(১) সংস্থাপন শাখার নথি নং: ১২.২০.০০০০.০২০.৩১.০৯১.৮৬ পর্যালোচনায় দেখা যায়, জনাব মো: চান মামুদ, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, বিএআরসি (পিআরএল ভোগরত) ছুটি নগদায়ন সুবিধাদি পরিশোধের জন্য গত ২৪/০৩/২০২২ তারিখ আবেদন করেন। আবেদন পত্রটি শাখায় প্রাপ্তির পর নোট নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে ২০/০৪/২০২২ তারিখে বর্ণিত কর্মচারীর অনুকূলে ১৮ মাস ছুটি নগদায়নের টাকা ৪,১৩,২৮০/- (চার লক্ষ তের হাজার দুইশত আশি মাত্র) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মঞ্জুরীর অফিস আদেশ জারি করা হয়। এক্ষেত্রে সেবা পেতে সময় লেগেছে ১৬ (ষোল) কার্যদিবস।

**মন্তব্য:** সেবা প্রদানের নির্ধারিত সময়ে সেবা প্রদান করা হয়েছে।

(২) সংস্থাপন শাখার নথি নং: ১২.২০.০০০০.০২০.৩১.০৯১.৮৬ পর্যালোচনায় দেখা যায়, জনাব ছকিনা খাতুন, অফিস সহায়ক, বিএআরসি (পিআরএল ভোগরত) ছুটি নগদায়ন সুবিধাদি পরিশোধের জন্য গত ২৩/০৩/২০২২ তারিখ আবেদন করেন। আবেদন পত্রটি শাখায় প্রাপ্তির পর নোট নোট উপস্থাপন করা হয় এবং প্রশাসনিক অনুমোদন সাপেক্ষে ২৫/০৪/২০২২ তারিখে বর্ণিত কর্মচারীর অনুকূলে ১৮ মাস ছুটি নগদায়নের টাকা ২,০০,৭৩৯/- (দুই লক্ষ সাতশত উনচল্লিশ মাত্র) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মঞ্জুরীর অফিস আদেশ জারি করা হয়। এক্ষেত্রে সেবা পেতে সময় লেগেছে ২২ (বাইশ) কার্যদিবস।

**মন্তব্য:** সেবা প্রদানের নির্ধারিত সময়ে সেবা প্রদান করা হয়েছে।

**৪)** কর্মকান্ডে গতিশীলতা ও তথ্য প্রদানে আগ্রহ: সরেজমিনে কাউন্সিলের বিভিন্ন কারিগরি বিভাগ ও ইউনিট পরিদর্শনকালে দায়িত্বপ্রাপ্ত সকলেই তথ্য প্রদানে সহযোগিতা করেছে। কর্মকর্তা ও অন্যান্য সহায়ক কর্মচারীদের মধ্যে কাজের সমন্বয় রয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

**৫)** সুপারিশ:

| ক্রমিক | সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক) | নির্ধারিত কার্যদিবসে কাউন্সিলের সেবা প্রদান চলমান রাখতে সকল বিভাগের আওতাধীন শাখা/ইউনিটকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্র প্রেরণ; | প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চ.দা.), জনশক্তি ও প্রশিক্ষণ ইউনট |

26/04/2022
(মো: আল মোবাচ্ছের হোসেন)
প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (চ.দা.)
ও
সদস্য সচিব
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

26/04/2022
(ড. সুরাইয়া পারভীন)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (টিটিএমইউ)
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

26/06/2022
(মো: মুস্তাফিজুর রহমান)
প্রিন্সিপাল টেকনিক্যাল অফিসার
ও
সদস্য
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
বিএআরসি

26/05/22
(হাসান মো: হামিদুর রহমান)
পরিচালক (কম্পিউটার ও জিআইএস)
ও
আহবায়ক
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি